

💵 সহীহ ফিক্বহুস সুনাহ

বিভাগ/অধ্যায়ঃ ওযূ

রচয়িতা/সঙ্কলকঃ আবু মালিক কামাল বিন আস-সাইয়্যিদ সালিম

ওয়র সংজ্ঞা ও এর শারঈ প্রমাণ

ওয়্ এর আভিধানিক অর্থ: وضوء শব্দটি الوضائة শব্দ থেকে গৃহীত। এর আভিধানিক অর্থ: পরিছন্নতা ও উজ্জ্বলতা وضوء শব্দের واو বর্ণে পেশ পড়লে, তখন তা فعل (ত্রিয়া) এর অর্থ দিবে। আর واو বর্ণে যবর পড়লে, এর অর্থ হবে: ওয়ূর পানি এবং সেটা مصدر (ক্রিয়ামূল)ও হবে অথবা এ দু'টি আলাদা শব্দও হতে পারে।[1] পরিভাষায়: সালাত অথবা অনুরূপ ইবাদাত থেকে বাধা প্রদান করে, এমন অপবিত্রতা হতে পবিত্রতা অর্জনের জন্য নির্দিষ্ট অঙ্গ-প্রত্যঙ্গ তথা মুখ, দু'হাত, মাথা ও দু'পায়ে পানি ব্যবহার করার নাম ওয়্। কুরআন, সুন্নাহ ও ইজমা দ্বারা ওয়ু শারঈভাবে প্রমাণিত। যথা:

(ক) কুরআনে আল্লাহ্ তা'আলা বলেন:

﴿ يَا أَيُّهَا الَّذِينَ آَمَنُوا إِذَا قُمْتُمْ إِلَى الصَّلَاةِ فَاغْسِلُوا وُجُوهَكُمْ وَأَيْدِيَكُمْ إِلَى الْمَرَافِقِ وَامْسَحُوا بِرُءُوسِكُمْ وَأَرْجُلَكُمْ إِلَى الْكَعْبَيْنِ ﴾

অর্থাৎ: হে মুমিনগণ! যখন তোমরা সালাতে দ-ায়মান হতে চাও, তখন তোমাদের মুখ ও কনুই পর্যন্ত হাত ধৌত কর, মাথা মাসাহ কর এবং টাখনু পর্যন্ত পা ধৌত কর (সূরা মায়েদা-৬)

(খ) হাদীসে বলা হয়েছে-

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ: لَا تُقْبَلُ صَلَاةُ أَحَدِكُمْ إِذَا أَحْدَثَ حَتَّى يَتَوَضَّأَ

(১) আবূ হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল**াহ (ﷺ) বলেছেন: যে ব্যক্তির বা**য়ু নির্গত হয় তার সালাত কবুল হবে না, যতক্ষণ না সে ওয় করে।[2]

عَنْ ابْنَ عُمَرَ قَالَ: إِنِّي سَمِعْتُ رَسُولَ اللهِ عَلَيْ يَقُولُ: لَا تُقْبَلُ صَلَاةٌ بِغَيْرِ طُهُورٍ وَلَا صَدَقَةٌ مِنْ غُلُولٍ

(২) ইবনে উমার (রাঃ) বললেন: আমি রাসূলুল**াহ (ৄৄঃ) কে বলতে শুনেছি, তিনি বলেছেন: পবিত্রতা ছাড়া সালাত** কবুল হয় না এবং আত্মসাৎ বা খেয়ানতের সম্পদ থেকে সাদকা কবুল হয় না।[3]

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ، قَالَ قَالَ رَسُولَ اللَّهِ ﷺ: إِنَّمَا أُمِرْتُ بِالْوُضُوءِ إِذَا قُمْتُ إِلَى الصَّلَاةِ

(৩) ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূল (ﷺ) বলেছেন: আমাকে তো সালাত আদায়ের সময় ওয় করার জন্য নির্দেশ দেয়া হয়েছে।[4]

عَنْ أَبِي سَعِيدٍ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ ﷺ: مِفْتَاحُ الصَّلَاةِ الطُّهُورُ، وَتَحْرِيمُهَا التَّكْبِيرُ، وَتَحْلِيلُهَا التَّسْلِيمُ আবু সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত, রাসূল (ﷺ) বলেন: সালাতের চাবি হলো পবিত্রতা (অর্থাৎ ওযূ বা গোসল)



এর তাকবীর পার্থিব যাবতীয় কাজকে হারাম করে এবং সালাম (অর্থাৎ সালাম ফিরানো) যাবতীয় ক্রিয়া কর্মকে হালাল করে দেয়।[5]

(গ) আর এ ব্যাপারে ইজমা হলো: উম্মতের সকল আলিম এ বিষয়ে ঐক্যমত যে, পবিত্রতা অর্জনে সক্ষম হলে পবিত্রতা ব্যতীত সালাত কবুল হবে না।[6]

ফুটনোট

- [1] আল-কামুস (১/৩৩), মুখতারুস সিহাহ (৫৭৫), আল-মাজমু' (১/৩৫৫)।
- [2] সহীহ; বুখারী (১৩৫), মুসলিম (২২৫) প্রভৃতি।
- [3] সহীহ; মুসলিম (২২8) ı
- [4] সহীহ; তিরমিয়ী (১৮৪৮), আবূ দাউদ (৩৭৬০), নাসাঈ (১/৭৩) সহীহুল জামে' (২৩৩৩)।
- [5] হাসান লিগাইরহী; তিরমিয়ী (৩), আবূ দাউদ (৬০), ইবনে মাজাহ (২৭৫), আলবানী তার সহীহুল জামে' (৫৭৬১) গ্রন্থে সহীহ বলেছেন।
- [6] "আল আউসাত" (১/১০৭) ইবনু মুন্যির প্রণীত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3164

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন